

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
নিয়োগ ও প্রশিক্ষণ শাখা
ঢাকা

নং-এডি-পিএন্ডও-৯৭৩/৪৪৭

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৬
১৫ অক্টোবর ২০১৯

প্রাপক : মির্জা প্রীতি রহমান
পরিচালক
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা

বিষয় : আগামী ১৭ নভেম্বর থেকে ০৬ ডিসেম্বর ২০১৯ স্টকহোম, সুইডেন এ অনুষ্ঠিতব্য “Advanced International Training Program on Intellectual Property for Least Developed Countries (LDCs)” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ প্রসঙ্গে।


নির্দেশিত হয়ে ১৭ নভেম্বর থেকে ০৬ ডিসেম্বর ২০১৯ স্টকহোম, সুইডেন এ অনুষ্ঠিতব্য “Advanced International Training Program on Intellectual Property for Least Developed Countries (LDCs)” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নিমিত্ত আপনার অনুকূলে সুইডেন ভ্রমণের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

০২। উল্লিখিত মঞ্জুরি আদেশের শর্তাবলী নিম্নরূপ:

- ভ্রমণকালীন সময় আপনি মন্ত্রণালয়ে কর্তব্যরত রয়েছেন বলে গণ্য করা হবে;
- আপনি বেতনের কোন অংশ বৈদেশিক মুদ্রায় পাবেন না;
- যাতায়াতের বিমান ভাড়া এবং আবাসন ব্যয় প্রশিক্ষণ আয়োজনকারী কর্তৃপক্ষ বহন করবে;
- কর্তৃপক্ষের বিনা অনুমতিতে অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় আপনি বিদেশে অবস্থান করতে পারবেন না;
- উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আপনি আগামী ১৬ নভেম্বর ২০১৯ তারিখ বা এর নিকটবর্তী সময়ে সুইডেনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং প্রশিক্ষণ শেষে ০৭ ডিসেম্বর ২০১৯ তারিখ বা এর নিকটবর্তী সময় ঢাকার উদ্দেশ্যে রওনা হবেন;
- প্রশিক্ষণ সমাপনান্তে দেশে ফিরে আপনি মন্ত্রণালয়ে যোগদানের পর ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে নির্ধারিত ফরমে প্রতিবেদন দাখিল করবেন। যথাসময়ে উক্ত প্রতিবেদন না পাওয়া গেলে ভ্রমণের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করেছেন গণ্য করে আপনার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরি আদেশ জারি করা হলো।

আপনার একান্ত,



(নুসরাত জাহান)

সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)


ফোন : ৯৫৫৫৩২০

নং-এডি-পিএন্ডও-৯৭৩/৪৪৭

তারিখ: ৩০ আশ্বিন ১৪২৬
১৫ অক্টোবর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (প্রশাসন/এফএমও/দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। পরিচালক (এসএমও/এফএসও/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিঃ সহকারী সচিব/সহকারী সচিব (পিএন্ডও/সংস্থাপন-১/এস.এস.এ/দক্ষিণ এশিয়া), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইমিগ্রেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৬। বাংলাদেশ দূতাবাস, স্টকহোম, সুইডেন।



(নুসরাত জাহান)

সহকারী সচিব (নিয়োগ ও প্রশিক্ষণ)